

ইউনুস সেন্টার

প্রেস রিলিজ

মালয়েশিয়ার পেরাক রাজ্যের মুখ্যমন্ত্রী ও প্রফেসর মুহাম্মদ ইউনুসের মধ্যে
সামাজিক ব্যবসা ক্ষেত্রে সহযোগিতা বিষয়ে সমঝোতা চুক্তি স্বাক্ষর

মালয়েশিয়ার পেরাক রাজ্যের মুখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদির অদ্য ইউনুস সেন্টার পরিদর্শন করেন এবং নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনুসের সঙ্গে সাক্ষাৎ করেন। ড. জামব্রির সঙ্গে ছিলেন ৪৬ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল। তাঁর রাজ্যে সামাজিক ব্যবসা চালু করতে দীর্ঘদিন ধরে আগ্রহী পেরাক রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ইউনুসের সাথে সাক্ষাৎকালে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় ও তাঁর রাজ্যে সামাজিক ব্যবসা প্রতিষ্ঠা বিষয়ে পারস্পরিক সহযোগিতা নিয়ে আলোচনা করেন।

সভায় আলোচনাকালে প্রফেসর ইউনুস বলেন যে, বিদ্যমান অর্থনৈতিক ব্যবস্থা যেসব সমস্যা তৈরী করেছে তা থেকে মুক্তি পেতে হলে অর্থনৈতিক তত্ত্বের একটি সম্পূর্ণ নতুন কাঠামো গড়ে তুলতে হবে। তিনি আশা প্রকাশ করেন যে, মালয়েশিয়ান রাজ্য পেরাক তার চ্যারিটি-ভিত্তিক কিছু কর্মসূচিকে সামাজিক ব্যবসায় রূপান্তর করতে কাজ করবে।

পেরাক রাজ্য সরকারের পাবলিক পলিসি সংক্রান্ত থিংক ট্যাংক ইনস্টিটিউট দারুল রিদজুয়ান (আইডিআর) এবং পেরাক রাজ্যে দারিদ্র দূরীকরণ কাজে নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান ইয়াইয়াসান বিনা উপায়া দারুল রিদজুয়ান (ওয়াইবিইউ) পেরাক রাজ্যে সামাজিক ব্যবসা এগিয়ে নিতে ইউনুস সেন্টারের সাথে আজ সমঝোতা চুক্তিও স্বাক্ষর করে।

মালয়েশিয়ার পেরাক রাজ্যের মুখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদির ও ইউনুস সেন্টারের চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ ইউনুস স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উভয় প্রতিষ্ঠানই পেরাক রাজ্যের সামাজিক সমস্যা মোকাবেলায় সামাজিক ব্যবসাকে এগিয়ে নিতে তাদের প্রতিশ্রুতি ব্যক্ত করে। ইনষ্টিটিউট দারুল রিদজুয়ান (আইডিআর)-এর প্রধান নির্বাহী ড. মাজালান কামিস ও ইয়াইয়াসান বিনা উপায়া দারুল রিদজুয়ান (ওয়াইবিইউ)-এর প্রধান নির্বাহী হামজারুল হাজমির হামদান সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী ড. জামব্রি প্রফেসর ইউনুসকে পেরাকের ইপহ্ রাজ্যের “প্যাংকর ডায়ালগ” সম্মেলনে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণের আমন্ত্রণ জানান। “প্যাংকর ডায়ালগ” এই রাজ্যে প্রতি বছর অনুষ্ঠিত একটি সংলাপ অনুষ্ঠান যা আত্ম-নির্ভরতা ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির ভিত্তিতে আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক আলোচনা সংগঠিত ও উৎসাহিত করে থাকে



নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনুস ও মালয়েশিয়ার পেরাক রাজ্যের মুখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদিরকে পেরাক রাজ্য সরকারের পাবলিক পলিসি সংক্রান্ত থিংক ট্যাংক ইনষ্টিটিউট দারুল রিদজুয়ান (আইডিআর) ও ইউনুস সেন্টারের মধ্যে ঢাকায় ১৪ জানুয়ারী ২০১৬ তারিখে সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে দেখা যাচ্ছে। একই দিন পেরাক রাজ্যে দারিদ্র দূরীকরণ কাজে নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান ইয়াইয়াসান বিনা উপায়া দারুল রিদজুয়ান (ওয়াইবিইউ) পেরাক রাজ্যে সামাজিক ব্যবসা এগিয়ে নিতে ইউনুস সেন্টারের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। ইউনুস সেন্টারের প্রধান নির্বাহী জনাব লামিয়া মোর্শেদ, ইনষ্টিটিউট

দারুল রিদজুয়ান (আইডিআর)-এর প্রধান নির্বাহী ড. মাজালান কামিস ও ইয়াইয়াসান বিনা উপায়া দারুল রিদজুয়ান (ওয়াইবিইউ)-এর প্রধান নির্বাহী হামজারুল হাজমির হামদান সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনুস ও মালয়েশিয়ার পেরাক রাজ্যের মূখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদির ইউনুস সেন্টার ও পেরাক রাজ্য সরকারের পাবলিক পলিসি সংক্রান্ত থিংক ট্যাংক ইনষ্টিটিউট দারুল রিদজুয়ান (আইডিআর)-এর পক্ষে ১৪ জানুয়ারী ২০১৬ তারিখে ইউনুস সেন্টারে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন। ছবিঃ- নাসির আলি মামুন/ ইউনুস সেন্টার



মালয়েশিয়ার পেরাক রাজ্যের মূখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদির নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনূসকে স্বর্ণ-তন্তু খচিত পেরাক রাজ্যের পরিচয়-চিহ্ন উপহার দেন। ছবিঃ- নাসির আলি মামুন/ ইউনূস সেন্টার



মালয়েশিয়ার পেরাক রাজ্যের মূখ্যমন্ত্রী ড. জামব্রি বিন আব্দুল কাদির ও তাঁর প্রতিনিধিদল নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনুসের সাথে গ্রামীণ ব্যাংক ভবনে অবস্থিত “নোবেল গ্যালারী” পরিদর্শন করেন। ছবিঃ- নাসির আলি মামুন/ ইউনুস সেন্টার